

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জনশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২৬, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১১ মাঘ ১৪২৭/২৫ জানুয়ারি ২০২১

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২.২১-১০১।—স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ ও রিটার্নিং অফিসার কর্তৃক জারীকৃত গণবিজ্ঞপ্তি নং-১৭.০৫.৪৪০০.০০০. ৩৮.০১০.২০-৪৬, তারিখ : ১৪ জানুয়ারি ২০২১ মাধ্যমে স্থগিতকৃত ঝিনাইদহ জেলার শৈলকুপা পৌরসভার ৮নং সাধারণ আসনের কাউন্সিলর পদে ইভিএম এর মাধ্যমে এবং জেলা নির্বাচন অফিসারের কার্যালয় পিরোজপুর ও রিটার্নিং অফিসার কর্তৃক জারীকৃত গণবিজ্ঞপ্তি নং-১৭.০৬.৭৯০০. ০০০.৩৮.০০১.২০-৩৫(৬), তারিখ : ১৪ জানুয়ারি ২০২১ মাধ্যমে স্থগিতকৃত পিরোজপুর জেলার স্বরূপকাঠী পৌরসভার ৮নং সাধারণ আসনের কাউন্সিলর পদে ব্যালট পেপার এর মাধ্যমে অনুষ্ঠান, এছাড়া অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিরাজগঞ্জ ও রিটার্নিং অফিসার সিরাজগঞ্জ পৌরসভা নির্বাচন এর স্মারক নং-০৫.০৪৩.৮৮০০.০০২.০৮.০০৭.২০-০৭, তারিখ : ১৬ জানুয়ারি ২০২১ এর মাধ্যমে সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ পৌরসভার ৬নং সাধারণ আসনের কাউন্সিলর পদে সর্বাধিক ভোটপ্রাপ্ত প্রার্থী মৃত্যুবরণ করায় উক্ত পদে ব্যালট পেপার এর মাধ্যমে নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে মাননীয় নির্বাচন কমিশন নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করতেছেন :

(১৫৬৫)

মূল্য : টাকা ৪.০০

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০২ ফেব্রুয়ারি ২০২১ ১৯ মাঘ ১৪২৭	(মঙ্গলবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০৪ ফেব্রুয়ারি ২০২১ ২১ মাঘ ১৪২৭	(বৃহস্পতিবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১১ ফেব্রুয়ারি ২০২১ ২৮ মাঘ ১৪২৭	(বৃহস্পতিবার)
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	২৮ ফেব্রুয়ারি ২০২১ ১৫ ফাল্গুন ১৪২৭	(রবিবার)
ভোটগ্রহণের সময় : সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত				

০২। ঝিনাইদহ জেলার শৈলকুপা পৌরসভার ৮নং সাধারণ আসনের কাউন্সিলর পদে ইভিএম এর মাধ্যমে নির্বাচন ও সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ পৌরসভার ৬নং সাধারণ আসনে কাউন্সিলর পদে ব্যালট পেপারের মাধ্যমে নির্বাচন পরিচালনার জন্য নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৭৪, তারিখ : ০২ ডিসেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার এবং স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৭৫, তারিখ : ০২ ডিসেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষ বহাল থাকবেন। এছাড়া পিরোজপুর জেলার স্বরূপকাঠী পৌরসভার ৮নং সাধারণ আসনের কাউন্সিলর পদে ব্যালট পেপার এর মাধ্যমে নির্বাচন পরিচালনার জন্য নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৫১৭, তারিখ : ১৪ ডিসেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার এবং স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৫১৮, তারিখ : ১৪ ডিসেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষ বহাল থাকবেন। উল্লেখ্য যে, অনুচ্ছেদ-১ এ বর্ণিত পদে ইতিপূর্বে কোন প্রার্থীর মনোনয়ন বৈধ বলে সাব্যস্ত হয়ে থাকলে এবং তিনি প্রার্থিতা প্রত্যাহার না করে থাকলে তাকে নতুন করে মনোনয়নপত্র দাখিল করতে হবে না।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা।